# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং পনি/পিএ-১৫২ তারিখ : ২৮-০৫-২০২৫ খ্রি.

## এইচএসসি পরীক্ষা ২০২৫-এর কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের জন্য অতীব জরুরী সতর্কতা

**এ বোর্ডের অধীন সকল এইচএসসি পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে নিম্ন লিখিত সতর্কতা অবলম্বন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।**

০১। পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে সকাল ০৯-৩০ মিনিটের মধ্যে প্রবেশ নিশ্চিত করতে হবে।

০২। পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে পরীক্ষার্থীকে বহুনির্বাচনি (MCQ) ও রচনামূলক (CQ) পরীক্ষার উত্তরপত্র একই সাথে সরবরাহ করতে হবে।

০৩। এইচএসসি পরীক্ষা ২০২৫ এর সময় ও নম্বর বিভাজন অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।

০৪। কেন্দ্রে সংযুক্ত ট্যাগ অফিসার কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বা তাঁর মনোনীত প্রতিনিধিকে নিয়ে ট্রেজারি/থানা/নিরাপত্তা হেফাজত হতে প্রশ্নপত্র গ্রহণ করবেন এবং পরীক্ষা শুরুর পূর্বে ট্যাগ অফিসার, কেন্দ্র সচিব এবং পুলিশ কর্মকর্তার উপস্থিতি ও স্বাক্ষরে বিধি অনুসরণ করে প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে।

০৫। প্রশ্নপত্রের প্যাকেটের উপরে সেট কোড, বিষয়, বিষয় কোড সম্পর্কিত তথ্য নিশ্চিত হতে হবে।

০৬। সিকিউরিটি প্যাকেট খোলার পরও আরো একবার সেট কোড, বিষয় ও বিষয় কোড যাচাই করে প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে এবং প্রশ্নপত্রের প্যাকেট খোলার পরও পুনরায় বিষয় ও বিষয় কোড সঠিক আছে কিনা তা যাচাই করে পরীক্ষা কক্ষে প্রশ্নপত্র প্রেরণ করতে হবে

০৭। প্রবেশপত্র ও নিবন্ধন কার্ড ছাড়া কাউকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া যাবে না।

০৮। প্রতিদিনের পরীক্ষা শেষে নিকটবর্তী কেন্দ্রগুলি ঐ দিনই বাহক মারফৎ/বাহক মারফৎ প্রেরণ করতে না পারলে জরুরী ভিত্তিতে ডাক বিভাগ/রেলওয়ে পার্সেলের মাধ্যমে বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে **(পরীক্ষা শেষে লিখিত উত্তরপত্র, নৈর্ব্যক্তিক উত্তরপত্র ও টপ কভার কোনো ক্রমেই ট্রেজারি/থানা/ব্যাংকে সংরক্ষণ করা যাবে না)।**

০৯। প্রতিবন্ধি ও বিশেষ চাহিদা সম্পন্ন (অটিস্টিক এবং ডাউন সিনড্রোম বা সেরিব্রালপল্সি আক্রান্ত) পরীক্ষার্থীদের উত্তরপত্র **‘হলুদকাপড়ে’** প্যাকিং করে আলাদাভাবে প্রেরণ করতে হবে।

১০। লিখিত **উত্তরপত্র, নৈর্ব্যক্তিক উত্তরপত্র এবং টপ কভার** পরীক্ষা শেষে ঐ দিনই **আকাশি রংয়ের কাপড়** দিয়ে মুড়িয়ে যথাযথ ঠিকানায় প্রেরণ করতে হবে। এক্ষেত্রে ইংরেজি ভার্সন পরীক্ষার্থীদের শুধুমাত্র লিখিত উত্তরপত্র আলাদা করে প্রেরণ করতে হবে এবং মোড়কের উপর **“ইংরেজি ভার্সন” কথাটি** লিখতে হবে।

১১। পরীক্ষা চলাকালীন এবং পরীক্ষা অনুষ্ঠানের পূর্বে বা পরে পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থী ও পরীক্ষা সংশ্লিষ্ট কাজে নিয়োজিত ব্যক্তিগণ ব্যতীত অন্যদের প্রবেশ সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে। এ সময়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশকারী অননুমোদিত ব্যক্তিবর্গের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১২। বহিষ্কৃত পরীক্ষার্থীর ক্ষেত্রে কক্ষ প্রত্যবেক্ষক ভারপ্রাপ্ত কর্মকর্তা বরাবর লিখিত প্রতিবেদন দাখিল করবেন। ভারপ্রাপ্ত কর্মকর্তা বোর্ড হতে প্রেরিত গোপন বিবরণী ফরম পূরণ করে প্রতিষ্ঠানের প্যাডে আলাদা ফরোয়াডিং করে সকল কাকগজপত্র উত্তরপত্রের সাথে একত্রে **“লাল কাপড়ে”** প্যাকিং করে বোর্ডে প্রেরণ করতে হবে।

১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তার কোন ছেলে/মেয়ে পরীক্ষার্থী থাকলে তিনি ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব পালন করতে পারবেন না। এ ক্ষেত্রে উপাধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ঐ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। শিক্ষক ও কর্মচারীর সন্তান পরীক্ষার্থী থাকলে সংশ্লিষ্ট শিক্ষক ও কর্মচারী পরীক্ষার দায়িত্ব পালন করতে পারবে না।

১৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যতীত অন্য কেউ মোবাইল ফোন/ইলেক্ট্রনিক্স ডিভাইস নিয়ে কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না। শুধু ভারপ্রাপ্ত কর্মকর্তা ছবি তোলা যায় না এমন মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন।

১৫। পরীক্ষার্থীগণ কাঁটাযুক্ত ঘড়ি ব্যবহার করতে পারবে, তবে ইলেক্ট্রনিক্স বা ডিজিটাল ঘড়ি ব্যবহার করতে পারবে না।

২৮-০৫-২০২৫
(প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০২৪৭৭৭৬২৭১৪
ই-মেইল : controller@jessoreboard.gov.bd

এ বোর্ডের অন্তর্ভুক্ত সকল
ভারপ্রাপ্ত কর্মকর্তা
এইচএসসি পরীক্ষা কেন্দ্র -২০২৫

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

## ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার কেন্দ্রওয়ারি প্রশ্নপত্রের হিসাব বিবরণী:

| ক্রমিক নং | বিষয়ের নাম | বিষয় কোড | পরীক্ষার তারিখ | প্রকৃত পরীক্ষার্থীর সংখ্যা | প্রাপ্ত প্রশ্নপত্রের সংখ্যা | ঘাটতি প্রশ্নপত্রের সংখ্যা | অতিরিক্ত প্রশ্নপত্রের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | | | | | | | |
| ২. | | | | | | | |
| ৩. | | | | | | | |
| ৪. | | | | | | | |
| ৫. | | | | | | | |
| ৬. | | | | | | | |
| ৭. | | | | | | | |
| ৮. | | | | | | | |
| ৯. | | | | | | | |
| ১০. | | | | | | | |
| ১১. | | | | | | | |
| ১২. | | | | | | | |
| ১৩. | | | | | | | |
| ১৪. | | | | | | | |
| ১৫. | | | | | | | |
| ১৬. | | | | | | | |
| ১৭. | | | | | | | |
| ১৮. | | | | | | | |
| ১৯. | | | | | | | |
| ২০. | | | | | | | |
| ২১. | | | | | | | |
| ২২. | | | | | | | |
| ২৩. | | | | | | | |
| ২৪. | | | | | | | |
| ২৫. | | | | | | | |
| ২৬. | | | | | | | |
| ২৭. | | | | | | | |
| ২৮. | | | | | | | |
| ২৯. | | | | | | | |
| ৩০. | | | | | | | |

প্রশ্নপত্র মিলানোর সাথে সাথেই এই কপি বোর্ডে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষর
আহবায়ক, পরীক্ষা কমিটি-২০২৫
পরীক্ষা কেন্দ্রের নাম :